

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
অপ্রধান শস্য কর্মসূচি
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.brd.gov.bd

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৯৮১.২৭.০০০২.২৪.৩৯


তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: অপ্রধান শস্য কর্মসূচি'র মাঠ সংগঠকদের অনানুমোদিত কর্মস্থল ত্যাগের/ অনুপস্থিতির তথ্য কর্মসূচি সদরদপ্তরকে যথাযথময়ে অবহিতকরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন অপ্রধান শস্য কর্মসূচি'র প্রধান কর্মঅঙ্গ হচ্ছে দেশের কৃষি উৎপাদন (ডাল, তেল ও মশলা জাতীয় ফসল উৎপাদন) বৃদ্ধিতে স্বল্প সেবামূল্য বিনিময়ে ঋণ সহায়তা প্রদান করা। আর উপজেলা পর্যায়ে এই ঋণ সহায়তা (ঋণ বিতরণ ও আদায়) কাজের মূল দায়িত্ব পালন করেন কর্মসূচি'র মাঠ সংগঠক। ফলে সকল অফিস কর্ম দিবসে মাঠ সংগঠকের কর্মস্থলে সার্বক্ষণিক উপস্থিতি বাধ্যতামূলক। তবে বিশেষ প্রয়োজনে অনুমোদিত ছুটি গ্রহণ করে মাঠ সংগঠকগণ কর্মস্থল ত্যাগ করতে পারেন। কিন্তু সাম্প্রতিক কর্মসূচি সদর দপ্তর হতে মনিটরিং এ দেখা যাচ্ছে যে, কিছু কিছু উপজেলার মাঠ সংগঠক অনানুমোদিতভাবে দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত আছেন; অথচ বিষয়টি বেশ দীর্ঘ সময় অতিবাহিত হলেও কিছু কিছু উপজেলা এ বিষয়ে কোন কার্যকর বিধিসম্মত ব্যবস্থা গ্রহণ করছেন না বা এ বিষয়ে কর্মসূচি সদরদপ্তরকেও লিখিতভাবে কিছু অবহিত করছেন না। পরবর্তীতে কর্মসূচি সদরদপ্তর হতে মনিটরিং কালে এই ধরনের মাঠ সংগঠকদের দলসমূহ তদন্তে তাদের হস্তমজুদ/ আত্মসাৎ পরিলক্ষিত হচ্ছে। অথচ বিআরডিবি'র উপজেলা পর্যায়ের প্রধান নিয়ন্ত্রণকারী কর্মকর্তা হিসেবে সংশ্লিষ্ট উপজেলার ইউআরডিও এ বিষয়ে তেমন গুরুত্বপূর্ণ কোন পদক্ষেপ গ্রহণ করছেন না। এমনকি সময় মতো কর্মসূচি সদরদপ্তরকে এ বিষয়টি লিখিতভাবে অবহিত না করার কারণে কর্মসূচি সদর দপ্তর হতেও সংশ্লিষ্ট মাঠ সংগঠকের বিরুদ্ধে কোন আইনানুগ/ প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হচ্ছে না। এতে করে কর্মসূচি'র মূল কার্যক্রম চরমভাবে ব্যাহত হচ্ছে, যার দায়ভার কর্মসূচি'র উপজেলা দপ্তরের ডিডিও কোনভাবেই এড়িয়ে যেতে পারেন না।

এমতাবস্থায়, যে সকল উপজেলার মাঠ সংগঠক কর্মস্থলে ৪৮ ঘন্টা (২ দিন) বা তার অধিক সময় অনানুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত আছে তার তথ্য অবিলম্বে কর্মসূচি সদরদপ্তরকে লিখিতভাবে অবহিত করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানানো হলো। এই অবহিতকরণের বিষয়টি অত্র পত্র জারীর পরবর্তী সময়ে সকল মাঠ সংগঠকের অনানুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির জন্য প্রযোজ্য হবে। ব্যর্থতায় মাঠ সংগঠকের আর্থিক অনিয়মের দায়ভার সংশ্লিষ্ট ডিডিও/ নিয়ন্ত্রণকারী কর্মকর্তাগণের উপর বর্তাবে।

বিষয়টি অতীব জরুরি।



০৫-০৩-২০২৬
মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক
ফোন : ০২৫৫০১১৭৪৯
ইমেইল : pdmcpmp@brdb.gov.bd

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, বিআরডিবি, উপজেলা: -----
------(২৫৬); জেলা: -----(সকল)।

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.০০০.৯৮১.২৭.০০০২.২৪.৩৯/১ (৫)

তারিখ: ২০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
০৫ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, বিআরডিবি, জেলা: -----(সকল)।
- ২। উপপরিচালক, প্রোগ্রামিং শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (পত্রটি বিআরডিবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।
- ৪। একান্ত সহকারী, সরেজমিন বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড [পরিচালক (সরেজমিন) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত] এবং
- ৫। অফিস, নথি।



০৫-০৩-২০২৬
মোঃ তাফজেল হোসেন
কর্মসূচি পরিচালক